



চলতি সেমিস্টারের টিউশন ফি ২০% ও অন্যান্য ফি শতভাগ মওকুফের সিদ্ধান্ত এনএসইউ'র

নর্থ সাউথ ইউনিভার্সিটিতে (এনএসইউ) ২০২৪ সালের সোমার সেমিস্টারে ভর্তি হওয়া সব শিক্ষার্থীর টিউশন ফি চলতি সেমিস্টারে ২০% ও অন্যান্য সব ফি ১০০% মওকুফের সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয়টির বোর্ড অব ট্রাস্টিজ। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন এবং এর ফলে বাংলাদেশে রাজনৈতিক পরিবর্তনের কারণে চলতি সেমিস্টারে শিক্ষার সামগ্রিক পরিবেশ প্রভাবিত হওয়ায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। এছাড়া ২০২৪ সালের গ্রীষ্মকালীন সেমিস্টার থেকে শুরু করে পরবর্তীতে শিক্ষার্থীদের ইন্টার্নশিপের সঙ্গে সম্পর্কিত সব ফি পুরোপুরি বাতিলের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

শিক্ষার্থীদের জন্য পরিবহণ পরিষেবা চালু করার কথা জানিয়েছে এনএসইউ বোর্ড অব ট্রাস্টিজ। এছাড়া শিক্ষার্থীদের মানসিক সুস্থাস্থ্যের দিকে আলোকপাত করে বেশ কিছু উদ্যোগ নেওয়া হচ্ছে।

এগুলোর মধ্যে রয়েছে একটি নতুন অনলাইন (অ্যাপ এবং হটলাইনের মাধ্যমে) কাউন্সেলিং প্রোগ্রাম এবং নতুন একটি অন-ক্যাম্পাস ইন-পার্সন কাউন্সেলিং প্রোগ্রাম (বাইরের

অংশীদার সংস্থার মাধ্যমে)।

আগামী স্প্রিং ২০২৫ সেমিস্টারে শিক্ষার্থী ভর্তি প্রক্রিয়া পর্যালোচনা এবং নতুন মানদণ্ড প্রবর্তন করার বিষয়েও আলোচনা চলছে।

শিক্ষক, শিক্ষার্থী এবং প্রশাসনের মধ্যে ধারাবাহিক মতবিনিময়ের একটি যথাযথ কাঠামো এবং প্ল্যাটফর্ম তৈরির

সিদ্ধান্ত নিয়েছে এনএসইউ বোর্ড অব ট্রাস্টিজ। এনএসইউ ক্যাম্পাস ছাত্র রাজনীতি থেকে মুক্ত থাকবে বলেও জানানো হয়েছে। এটি এনএসইউ'র অন্যতম প্রধান প্রতিষ্ঠাতাকালীন নীতি, যা কঠোরভাবে বজায় রাখার কথা জানিয়েছেন এনএসইউ বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান জাভেদ মুনির আহমেদ।

এছাড়া ট্রাই-সেমিস্টার সিস্টেমসহ বেশ কিছু বিষয় বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) এবং শিক্ষা মন্ত্রণালয়ের

প্রবিধান দ্বারা নিয়ন্ত্রিত হয়। এসব নিয়ে পরবর্তীতে যথাযথ বিশ্লেষণ ও প্রক্রিয়া অনুসরণ করে সিদ্ধান্ত নেওয়া হবে বলেও জানানো হয়। সংবাদ বিজ্ঞপ্তি

